দৈনিক ইত্তেফাক

তারিখ ... 28 JUN 2010 ...
পৃষ্ঠা ... কলাম ...

# উন্নত বিশ্বে উচ্চশিক্ষায় ভর্তুকি কমছে

■ শফিকুর রহমান রয়েল

ক্যালিফোর্নিয়ার বিশ্ববিদ্যালয়গুলোতে ছাত্রদের বিক্ষোভ প্রায় নিয়মিত ঘটনা হয়ে দাঁড়িয়েছে। এ বিক্ষোভ শিক্ষকদের বিরুদ্ধে নয়, উপরন্তু শিক্ষকরা ছাত্রদের আন্দোলনের প্রতি সহানুভূতিশীল। রাজ্যের গভর্নর আর্নল্ড শোয়ার্জনেগার বিশ্ববিদ্যালয়গুলোর প্রতি অনুদান ১ বিলিয়ন ডলার কমিয়ে দেয়াতেই বিশৃঙ্খল পরিস্থিতির সৃষ্টি। এ বাজেট ঘাটতি মেটাতে প্রত্যেকটি বিশ্ববিদ্যালয় বেছে নিয়েছে ছাত্রদের ফি বৃদ্ধির পন্থা। গত বছরের তুলনায় এ বছর বার্ষিক ফি বর্ধিত হয়েছে প্রায় এক তৃতীয়াংশ। তবুও রক্ষা হচ্ছে না। চলছে শিক্ষক-কর্মচারীদের ছাঁটাইয়ের হিড়িক। শিক্ষকরাও আর বেতনসহ দীর্ঘমেয়াদী ছুটি নিতে পারছে না। উচ্চশিক্ষা-ব্যয় কমিয়ে আনা, সরকার রাজী হচ্ছে না ভর্তুকির হার বাড়াতে। উপরন্তু লাগাম টেনে ধরেছে। অনেকেরই আশঙ্কা ভবিষ্যতে হয়তো ভর্তুকি বলতে আর কিছুই থাকবে না। সেজন্যে নিজেদেরকে আগে থেকে প্রস্তুত তো করতে হবে।

ধনী বিশ্বের অর্থনৈতিক বিপর্যয়ে সরকারগুলো জিডিপির প্রায় ৫% শিক্ষার জন্যে উৎসর্গ করার বিষয়টি পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করছে। গেলো ডিসেম্বরের আগে বৃটিশ সরকার ঘোষণা দেয়, উচ্চ শিক্ষা, বিজ্ঞান ও গবেষণা বাবদ ২০১২-১৩ সাল নাগাদ তারা ৬০০ মিলিয়ন পাউন্ড খরচ কমানোর পরিকল্পনা করেছে। দৈন্যপূর্ণ চাকরির বাজার ছাত্রদেরকে অধিক কিছু করা এবং লম্বা কোর্সের দিকে ছোটানোর কারণেই বৃটিশ সরকারের এমন সিদ্ধান্ত। যদিও একাডেমিক স্টাফদের প্রতিনিধিত্বকারী ট্রেড ইউনিয়ন দাবি করেছে যে, এর ফলশ্রুতিতে ১৪ হাজার লোক চাকরি হারাবে। চূড়ান্ত সিদ্ধান্ত যদিও এখন পর্যন্ত নেয়া হয়নি, কিন্তু খরচ কমিয়ে দিলে বৃটিশ বিজ্ঞানের ওপর এর প্রভাব কি হবে, সে বিষয়টি খতিয়ে দেখছে হাউস অফ কমন্স-এর একটি সিলেক্ট কমিটি।

উন্নত বিশ্বের অনেক জায়গাতেই শিক্ষাখাতে ব্যয়ে কাটছাঁট এখনো শুরু হয়নি, তবে শীঘ্রই হবে। এ সমস্যা দেখা দেবে স্বল্প-মেয়াদী প্রণোদনার অর্থ ফুরিয়ে যাবার পরই। যুক্তরাষ্ট্রের কংগ্রেসে বছর দেড়েক আগে পাস হয়েছিলো ৭৪৭ বিলিয়ন ডলারের পুনরুদ্ধার কর্ম। এর মধ্যে শিক্ষার জন্যে বরাদ্দকৃত ১০০ বিলিয়ন ডলারের অর্ধেকেরও বেশি শেষ হয়ে যাবে চলতি বছরেই। তার মানে আগামী বছরের বাজেট কাটছাঁট অবশ্যম্ভাবী। ইলিনয়েস স্টেট বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর দ্য স্টাডি অফ এডুকেশন পলিসি'র পরিচালিত একটি গবেষণার রিপোর্ট প্রকাশিত হয় গত ১৮ জানুয়ারি। এতে দেখা গেছে যে, যুক্তরাষ্ট্রের অর্ধেকেরও বেশি রাজ্যে প্রণোদনা অর্থ ফুরিয়ে যাবে আসছে জুলাই'র মধ্যে।

কর্তনের তীব্রতা সব দেশে সমান নয়। উদাহরণস্বরূপ, জাপান আগামী পাঁচ বছর বিশ্ববিদ্যালয় ব্যয় কমিয়ে যাবে ১% হারে। অনুদান কমলেও ফ্রান্সের প্রেসিডেন্ট নিকোলাস এ বছরের প্রথম দিকে বিশ্ববিদ্যালয়গুলোর জন্যে ৩৫ বিলিয়ন ইউরোর ঋণ তহবিলের ঘোষণা দেন। ঋণবাবদ গৃহীত অর্থ নির্দিষ্ট সময় পেরোনোর পর সরকারকে ঠিকই ফেরত দিতে হবে। তার মানে ফ্রান্স সরকার প্রকারান্তরে বিশ্ববিদ্যালয়গুলোর ফি বৃদ্ধিকে উৎসাহিত করছে। ধনী দেশগুলোর থিংক ট্যাংক অর্গানাইজেশন ফর ইকোনোমিক কো-অপারেশন এন্ড ডেভেলপমেন্ট (ওইসিডি) উচ্চশিক্ষার পরিধি বৃদ্ধিরচে শিক্ষার গুণগতমান বাড়ানোর প্রতি বেশি গুরুত্বারোপ করছে। আন্তর্জাতিকভাবে সংগৃহিত গত ১৫ বছরের তথ্য উপাত্তের ভিত্তিতে তারা দেখিয়েছে যে, অর্থনৈতিক প্রবৃদ্ধির সঙ্গে উচ্চশিক্ষার উচ্চমানের সম্পর্ক অতি নিবিড়। তারা তাদের গবেষণা রিপোর্টের নাম দিয়েছে 'নিম্ন শিক্ষা নৈপুণ্যের উচ্চ ব্যয়'।

সরকারের ব্যয় সংকোচনের ফলে বৃটিশ বিশ্ববিদ্যালয়গুলো শংকিত না হয়ে পারছে না। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের হায়ার এডুকেশন পলিসি ইনস্টিটিউটের মুখপাত্র বাহরাম বেখরাডনিয়া জানিয়েছেন, বাজেট কাটছাটের প্রভাব এরই মধ্যে বিশ্ববিদ্যালয়ে পড়তে শুরু করেছে। অন্যান্য ইউরোপীয় প্রতিযোগীদের মতো তারাও ছাত্রদের বিভিন্ন ফি বর্ধন করেছে। মনে হচ্ছে ভবিষ্যতে আরো বাড়াবে। বাহরাম বেখরাডনিয়া'র অভিমত, ফি বৃদ্ধির কারণে সামনের দিনগুলোতে দাঙ্গা-হাঙ্গামা বাধিয়ে দিলেও অবাক হওয়ার কিছুই থাকবে না। প্রাইভেট বিশ্ববিদ্যালয় 'ইউনিভার্সিটি অফ বাকিংহাম'-এর উপাচার্য টেরেন্স কেলি সরকারের ব্যয় সংকোচন নীতিকে স্বাগত জানিয়েছেন। দুই বছরের আন্ডারগ্রাজুয়েট ডিগ্রী কোর্স চালুর নির্দেশ পেয়েও তিনি খুশি। এই কোর্স আগে আরো বেশিদিনের ছিলো কম সময়ের কারণে নিশ্চয়ই অর্থ সাশ্রয় হবে।

ঝামেলায় পড়ছে পাবলিক বিশ্ববিদ্যালয়। প্রাইভেট বিশ্ববিদ্যালয়গুলোর কিন্তু পোয়াবারো। পেশাগত যোগ্যতা অর্জনের প্রস্তাব রাখার ক্ষেত্রে তারা সৃষ্টি করেছে প্রবল প্রতিদ্বন্দ্বিতা। ক্যালিফোর্নিয়ার পিপারডিন বিশ্ববিদ্যালয়ের লন্ডন-ভিত্তিক আইনের অধ্যাপক কলীন গ্র্যান্ডি বলেছেন, কোর্স পরিকল্পনায় বেসরকারি বিশ্ববিদ্যালয় অনেক বেশি নবপ্রবর্তনমূলক এবং এগুলো সরবরাহের ব্যাপারেও তারা নমনীয়। ওয়াশিংটন পোস্ট গ্রুপের মালিকানাধীন কাপলান বিশ্ববিদ্যালয়ের শিক্ষক অ্যালান ক্রেনকিল, ভর্তুকি কমিয়ে দিয়ে সরকার মাঠ সমান করে দেয়ার যে উদ্যোগটি নিয়েছে তার প্রশংসা না করে পারেন নি। আমেরিকার সর্ববৃহৎ বেসরকারি শিক্ষা সরবরাহকারী ইউনিভার্সিটি অফ ফনিক্স-এ গত বছর ৪ লাখ ৫৫ হাজার ছাত্র-ছাত্রী নিবন্ধিত হয়। অথচ আগের বছর এই সংখ্যাটা ছিলো ৩ লাখ ৮৪ হাজার। খরচ কমাতে গিয়ে ক্যালিফোর্নিয়ার বিশ্ববিদ্যালয়গুলো এখন অনলাইনেও শিক্ষা সরবরাহ করছে।